আজকের কাগজ

তারিখ ... 24 JUL 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

21

## বগুড়ায় শিক্ষা প্রতিষ্ঠান জরিপে অনিয়মের অভিযোগ।। সরকারের আসল উদ্দেশ্য ব্যাহত

বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও মহাবিদ্যালয় জরিপে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে প্রকাশ, দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রকৃত চিত্র নিরূপণ করার লক্ষ্যে গত এপ্রিল মাস থেকে দেশের সব বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জরিপ শুরু হয়। এদের মধ্যে প্রতি ৩০টি শিক্ষা প্রতিষ্ঠানের জন্যে ১ জন তথ্য সংগ্রহকারী, প্রতি ৪ জন তথ্য সংগ্রহকারীর পেছনে ১ জন করে সুপার ভাইজার নিয়োগ করা হয়েছে। বগুড়া জেলায় ৪ জন সুপারভাইজারের অধীনে ১৬ জন তথ্য সংগ্রহকারী রয়েছে। সরকারি নিয়ম অনুযায়ী এ টিমের কাজ হলো- হঠাৎ করে কোনো শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে সেখানকার ছাত্র, শিক্ষক, কক্ষের ধারণ ক্ষমতা, নিয়োগপত্র, আয়-ব্যয়ের হিসেব, দলিল ইত্যাদি নিরূপণ করা। নিরূপণ শেষে বিস্তারিত প্রতিবেদনাকারে রিপোর্ট দাখিল করা। আকস্মিক পরিদর্শনে না গিয়ে ঐ টিমের সদস্যরা জরিপকৃত শিক্ষা প্রতিষ্ঠানে আগাম খবর পৌঁছে দেয়। এতে করে গ্রামের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও ম্যানেজিং কমিটির লোকজন "অন্য" উপায়ে তাদেরকে "কবজা" করে যা ইচ্ছে তাই রিপোর্ট লিখিয়ে নিচ্ছেন। ফলে সরকারের আসল উদ্দেশ্য মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। আদমদীঘি থেকে মেহেদী হাসান।